

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mofl.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.০৮.০০১.১৯.৪১

তারিখ: ২ ফাল্গুন ১৪২৯

১৫ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: জাতীয় তথ্য বাতায়নের আওতায় সরকারি প্রতিষ্ঠানসমূহের ওয়েব সাইট তৈরি প্রসঙ্গে।

সূত্র: ০৪.০০.০০০০.৮৩১.০৬.০০১.২১.২০

১২ ফেব্রুয়ারি ২০২৩

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, বর্তমান সরকার ঘোষিত ভিশন-২০৪১ এর লক্ষ্য পূরণের ক্ষেত্রে জাতীয় তথ্য বাতায়ন (Bangladesh National Portal) অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বর্তমানে ৩৩,৩৪২ টি সাইটের মাধ্যমে ৫২০০০ এর অধিক সরকারি অফিস/প্রতিষ্ঠান/দপ্তর সংযুক্ত করা সম্ভব হয়েছে।

০২। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা সত্ত্বেও (সংযুক্তি - ক, সংযুক্তি - খ) জাতীয় তথ্য বাতায়নের আওতায় সরকারি অনেক দপ্তর ও প্রতিষ্ঠানের ওয়েবসাইটসমূহ তৈরি করা হয়নি। ফলে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার চলমান প্রক্রিয়া বাঁধাগ্রস্ত হওয়ার পাশাপাশি স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা যাচ্ছেনা। তাছাড়া সরকারি আর্থিক ব্যয় সংকোচনের স্বার্থে আলাদাভাবে দপ্তরের নিজস্ব ব্যয়ে ওয়েবসাইট তৈরি না করে জাতীয় তথ্য বাতায়ন ফ্রেমওয়ার্ক এর আওতায় ওয়েবসাইট তৈরি করা জরুরি।

০৩। এমতাবস্থায়, এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইট আবশ্যিকভাবে জাতীয় তথ্য বাতায়ন ফ্রেমওয়ার্ক এর আওতায় তৈরি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-২-২০২৩

মোঃ ইলিয়াস হোসেন

সিস্টেম এনালিস্ট

ফোন: ৫৫১০০৪৩৯

ফ্যাক্স: 9512220

ইমেইল: sa@mofl.gov.bd

বিতরণ :

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ২) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মৎস্য অধিদপ্তর
- ৩) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর
- ৪) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
- ৫) মহাপরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি
- ৭) উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
- ৮) রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), রেজিস্ট্রার, বাংলাদেশ

ভেটেরিনারী কাউন্সিল

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.০৮.০০১.১৯.৪১/১(৩)

তারিখ: ২ ফাল্গুন ১৪২৯
১৫ ফেব্রুয়ারি ২০২৩

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৩) অফিস কপি



২৭-২-২০২৩

মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট